

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ২০/২০২১

জে,

তারিখ : ২০ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
০৩ মে ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: অধস্তন দেওয়ানী আদালতে শারীরিক উপস্থিতিতে সাকসেশন মামলা শুনানী ও নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে অধস্তন দেওয়ানী আদালতে শারীরিক উপস্থিতিতে সাকসেশন মামলা শুনানী ও নিষ্পত্তি করা যাবে।

০২। সংশ্লিষ্ট বিচারক স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রয়োজনীয় সাক্ষ্য গ্রহণপূর্বক সাকসেশন মামলাসমূহ চূড়ান্তভাবে নিষ্পত্তি করবেন।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোন : ৯৫৬২৭৮৫

E-mail: rg@supremecourt.gov.bd


স্মারক নং- ২৬৬০

জে,

তারিখ : ২০ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
০৩ মে ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো) (সকল)।
৪. সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৬. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. নোটিশ বোর্ড।



(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোন: ৯৫৬১৯৩২।